



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা কার্যালয়
মেহেরপুর।
dpe.meherpur.gov.bd



নোটিশ

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/রাষ্ট্রীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩” এর লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর-এ নিম্নোক্ত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে।

তারিখ	উপজেলা	রোল নং	সময়
২৪ মার্চ ২০২৪, রবিবার	গাংনী	৬৪১০৫০৭ হতে ৬৪১১৭৯৬	সকাল ১১:৩০ ঘটিকা
২৭ মার্চ ২০২৪, বুধবার	গাংনী	৬৪১১৮৮১ হতে ৬৪১৩৩০১	সকাল ১০:৩০ ঘটিকা
২৮ মার্চ ২০২৪, বৃহস্পতিবার	গাংনী	৬৪১৩৩১১ হতে ৬৪১৩৮৫০	সকাল ১০:৩০ ঘটিকা
৩১ মার্চ ২০২৪, রবিবার	গাংনী	৬৪১৩৮৭৯ হতে ৬৪১৪৩৮৮	সকাল ১০:৩০ ঘটিকা
১ এপ্রিল ২০২৪, সোমবার	গাংনী	৬৪১৪৩৯২ হতে ৬৪১৪৯৯৮	সকাল ১০:৩০ ঘটিকা
	মেহেরপুর সদর	৬৪১০১৫৮ হতে ৬৪১০৮৫২	সকাল ১১:৩০ ঘটিকা
২ এপ্রিল ২০২৪, মঙ্গলবার	মেহেরপুর সদর	৬৪১০৮৭২ হতে ৬৪১৩৪০৬	সকাল ১০:৩০ ঘটিকা
৩ এপ্রিল ২০২৪, বুধবার	মেহেরপুর সদর	৬৪১৩৪৫৩ হতে ৬৪১৪৬১০	সকাল ১০:৩০ ঘটিকা
৪ এপ্রিল ২০২৪, বৃহস্পতিবার	মেহেরপুর সদর	৬৪১৪৬৪৫ হতে ৬৪১৪৯৬৯	সকাল ১০:৩০ ঘটিকা
	মুজিবনগর	৬৪১০২১০ হতে ৬৪১৪৯৩৩	সকাল ১১:৩০ ঘটিকা

প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে ইতোমধ্যে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। মৌখিক পরীক্ষায় প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।

১. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইস্যুকৃত প্রবেশপত্র।
২. লিখিত পরীক্ষার প্রবেশপত্র (কালার প্রিন্ট)।
৩. প্রার্থীর অনলাইনে আবেদনের কপি (কালার প্রিন্ট)।
৪. জাতীয় পরিচয়পত্রের কপি।
৫. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরফর্দের মূল কপি (যাদের স্নাতক/সমমানের পরীক্ষার সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট এ ফলাফল প্রকাশের তারিখ উল্লেখ নাই তারা যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ফল প্রকাশের তারিখসহ প্রত্যয়ন দাখিল করবেন)।
৬. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
৭. পোষ্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ১৪ এপ্রিল ২০২৩ তারিখ পর্যন্ত পোষ্য ছিলেন মর্মে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূলকপি।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসে জমাকৃত কাগজপত্রাদির প্রাপ্তি স্বীকারপত্র সঙ্গে আনতে হবে।
৯. মৌখিক পরীক্ষা বোর্ডে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাতঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস বা এই জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।
১০. অনিবার্য কারণবশত: পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরিবর্তন হতে পারে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(মো: রুহুল আমীন)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মেহেরপুর।